


WSHCOUNCIL
Tripartite Alliance for
Workplace Safety and Health



# কোভিড-19 এর সময় নিরাপত্তা এবং স্বাস্থ্য পরিচালনা

যখন কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্যের (Workplace Safety and Health, WSH) প্রসঙ্গ আসে, তখন হোটেল শিল্প কঠোর নির্দেশিকা মেনে চলে – বিশেষ করে এই সময়, যখন হোটেলগুলো কোভিড-19 এর কারণে চরম ক্ষতিগ্রস্ত।

মিঃ তামালসন চেল্লাগানু, কোপথার্ন কিং'স হোটেলের সহকারি সুরক্ষা পরিচালক, জানিয়েছেন কীভাবে হোটেলের মধ্যে WSH নিয়ম ইতিবাচক উপায়ে চালু করতে এবং এই কঠিন পরিস্থিতিতে কর্মী ও অতিথিদের নিরাপদ (এবং সুস্থ) রাখতে তিনি নিজে ভূমিকা পালন করেছেন।

**মহামারীর সময় WSH পরিচালনা**
কর্মী ও অতিথিদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে, মিঃ চেল্লাগানু SafeEntry দিয়ে ওনার মোবাইল ফোনে আসা আপডেটের মাধ্যমে হোটেলের সমস্ত কর্মীর গতিবিধির নজর রাখেন। এছাড়াও ব্রেকরুমে কর্মী সংখ্যা কমিয়ে, অন্যান্য দলের সঙ্গে যাতে সদস্যরা না মেশে তার জন্য কর্মীসংখ্যা সীমিত করে আরো কিছু নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

এইসব সতর্কতা কিছু মানুষের কাছে কঠোর মনে হলেও, এগুলো কর্মী ও অতিথিদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয়। মিঃ চেল্লাগানু হোটেলের কর্মীদের বলেন "তোমাদের প্রিয়জনদের কথা ভাবো। তারা শুধু চায় আপনি যেন প্রতিদিন নিরাপদে বাড়িতে ফিরতে পারেন। এইসব সতর্কতা মানতে অল্প সময় নিন আর তাদের জন্য নিরাপদে থাকুন।"

**প্রযুক্তির সাথে নিরাপদে থাকা**
উপরন্তু কোপথার্ন কিং'স হোটেল কর্মীবৃন্দ এবং অতিথিদের উৎসাহ বজায় রাখার সময় তাদের সুরক্ষিত রাখার জন্য বিভিন্ন উদ্ভাবনী উপায় প্রয়োগ করেছে। হোটেলটির ভার্চুয়াল ওয়ার্কআউট অতিথিদের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে এবং যে গ্রুপ এটি চালান তারা কর্মীদের মধ্যে কমিউনিটির অনুভূতি জাগিয়ে তুলেছে।

এইসময়ে, প্রধান পরিচালন ব্যবস্থা ও পরিদর্শক পরিচালন ব্যবস্থা, রোবোটিক ভ্যাকুয়াম ক্লিনার এবং কার্পেট পলিসার এর মতো বুদ্ধিদীপ্ত প্রযুক্তি, অনেক স্পর্শ ক্ষেত্রে মানুষের সংস্পর্শ কমিয়ে দিয়েছে, যা রোগের সংক্রমণের ঝুঁকি কমাচ্ছে এবং কর্মক্ষেত্রের নিরাপত্তার উন্নতি করছে।

**উপস্থিত WSH ব্যবস্থাগুলি বজায় রাখা**
কর্মীরা নতুন ব্যবস্থা মেনে কাজ করাকালীন, মিঃ চেল্লাগানু মাসিক WSH প্রশিক্ষণ সেশনের মাধ্যমে উপস্থিত WSH এর ব্যবস্থা সকলকে স্মরণ করিয়ে দেন।

এইসব WSH ব্যবস্থার মধ্যে রয়েছে তোষক বহন করার সময় পিঠের আঘাত এড়ানোর সঠিক কৌশল, দুর্ঘটনাবশত পা পিছলে পরে যাওয়া এড়াতে মেঝে শুষ্ক ও তেল বর্জিত রাখা, খাদ্যে বিষক্রিয়া এড়াতে কিচেন পরিষ্কার রাখা, সঠিক উচ্চতার মইয়ের ব্যবহার যাতে কর্মীদের মইয়ের একবারে উপরে উঠতে না হয় এবং তারা রক্ষণাবেক্ষণ বা মেরামতের জায়গা ও অন্যান্য ক্ষেত্রগুলি সঠিকভাবে আটকাতে পারেন।

**নিরাপত্তার সঙ্গে কোনো আপস নয়**
মিঃ চেল্লাগানু বিশ্বাস করেন যে নিরাপক্ষার ক্ষেত্রে কোনো আপস হয় না। তিনি তাঁর দলকে বুঝিয়ে বলেন, "যখন কোনো নিরাপত্তার ঝুঁকি ঠিক করতে হবে, তখন তা করুন। যখন কিছু বদলাতে হবে, তখন তা বদলান। সমস্যা তুলে ধরতে, 5 মিনিট সময় লাগুক বা অর্থ খরচ হোক, যাই হোক না কেন সেটা করতেই হবে। আপনার কাজ একটি জীবন বাঁচাতে পারে।"

গুরুত্বপূর্ণ বিষয়গুলি এক ঝলকে:



**129**

**টি কোম্পানি**

WSHCouncil-এর সম্পূর্ণ WSH কর্মসূচিতে অংশ নিয়েছে, 5,024 জন কর্মী সুবিধা পাচ্ছে

## এই সংস্করণে

**P2**
**সম্পূর্ণ WSH কর্মসূচি** সম্পর্কে আরো জানুন

**P3**
**কেস স্টাডি**
শব্দজব্দের ধাঁধায় অংশ নিয়ে পুরস্কার জিতুন।

**P4**
**আমাদের লিখুন!**
আপনার কাছে কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং স্বাস্থ্যের মানে কী তা আমাদের লিখে পাঠান।



# TOTAL WSH

# শ্রমিকদের জন্য সম্পূর্ণ কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং স্বাস্থ্য

## আপনার কর্মক্ষেত্রে সুস্থতা অর্জন করুন



### কেন সম্পূর্ণ WSH আমার জন্য গুরুত্বপূর্ণ?




- কর্মক্ষেত্রে আমার নিজেকে ও চারপাশের অন্যান্যদের আঘাত করার সম্ভাবনা আমার কম
- আমি আমার কাজ করি ও কাজ চালিয়ে যেতে পারব
- আমি আমার পরিবারের কাছে নিরাপদে সুস্থভাবে বাড়িতে ফিরতে পারি

### আমার সুস্থতার উন্নতির জন্য আমি কী করতে পারি?

**কাজ**

- আমার কাজ আমার নিরাপত্তা এবং স্বাস্থ্যের ক্ষতি করলে আমার সুপারভাইজারের সঙ্গে আলোচনা করব
- আমার কোম্পানির আয়োজিত নিরাপত্তা এবং স্বাস্থ্য বিষয়ক কর্মসূচিগুলোতে অংশ নেব

**নিরাপত্তা**

- কাজ করার আগে অবস্থা ঠিক আছে কিনা দেখে নিন
- কোনো নিরাপত্তাহীন কাজ, বিপজ্জনক অবস্থা বা দুর্ঘটনার সম্ভাবনা বিষয়ে জানান
- আমার ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম আমার কাজের, সঠিকভাবে পরার জন্য উপযুক্ত এবং ভাল অবস্থায় আছে কিনা তা দেখুন

**স্বাস্থ্য**

- কাজ করার আগে অবস্থা ঠিক আছে কিনা দেখে নিন
- নিজের অসুস্থতার মোকাবিলা করুন, যাতে নিজে নিরাপদে ও সুস্থভাবে কাজ করতে পারেন
- অসুস্থ বোধ করলে নিজের সুপারভাইজারকে জানান

# সম্পূর্ণ WSH-এর 3টি প্রধান বিষয় কী?

## 3টি শব্দ খুঁজে সেগুলোকে গোল করুন।



| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক | শ | গ | উ | ছ | স | ফ | ঘ |
| ল | হ | নি | ঝ | ঝ | ফ | ব | ড |
| স্বা | ফ | কা | রা | য | হ | ত | ধ |
| স্থ্য | ব | ভ | জ | প | শ | ঠ | ণ |
| প | ত | ঞ | ঘ | ট | ত্তা | ক | ঞ |
| খ | ঠ | চ | ড | ফ | উ | ল | চ |
| ঙ | ন | জ | ধ | ম | ঝ | এ | জ |
| ট | অ | র | ণ | ব | ই | ও | র |

## সঠিক উত্তর দিয়ে পুরস্কার জেতার সুযোগ পান!

**অংশগ্রহণের জন্য নাম দেওয়ার শেষ তারিখ 30/06/2021.**

পুরো নাম: ______________________

______________________

IC/FIN নম্বরের শেষ 4 সংখ্যা: ______________

হ্যান্ডফোন নম্বর: ______________

Address: ______________________

______________________

**নিচের ঠিকানায় আপনার এন্ট্রি পাঠান:**

Workplace Safety and Health Council
Level 4, Ministry of Manpower Services Centre
1500 Bendemeer Road
Singapore 339946

# কেস স্টাডি



কেস স্টাডি 1

## সাফাই কর্মী স্লোপে পিছলে উল্টে পরে যায় ও তার মাথায় আঘাত লাগে



### কী হয়েছিল?

স্কুলের একজন সাফাই কর্মী ঘাসের স্লোপে হাঁটতে হাঁটতে পিছলে গিয়ে উল্টে যান, স্লোপের মাঝখানে কংক্রিটের মেঝে থাকায় তার মাথায় আঘাত লাগে। তিনি আগে শুকনো পাতা ঝাঁট দিয়ে স্লোপের উপরে গাদা করেছিলেন। স্লোপের উপরে যেখানে পাতার গাদা ছিল সেখানে যাওয়ার সময় দুর্ঘটনাটি ঘটে। সাফাই কর্মীটি আঘাত পাওয়ার দুই দিন পর মারা যান।

### কারণ কী ছিল?

- ঘাসের স্লোপের উপরে যাওয়ার সময় সাফাই কর্মী তার ভারসাম্য হারান
- তার নিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত তদারকির ব্যবস্থা করা হয়নি।

### এটি আটকাতে কী করা যেতে পারত?

- কাজের জায়গায় কাজ করার জন্য কোনো নিরাপদ উপায় ব্যবহার করুন
- পরে যাওয়ার বিপজ্জনক ঝুঁকি কমাতে কর্মক্ষেত্রের নিরাপদ পদ্ধতিগুলি অনুসরণ করুন
- আপনার আশেপাশ সম্পর্কে সতর্ক থাকুন ও সম্ভাব্য কাজের বিপদ আছে কিনা দেখুন (যেমন পিছলে যাওয়া, হোঁচট খাওয়া ও পরে যাওয়ার বিপদ)

কেস স্টাডি 2

## বৃষ্টিতে সাফাই কর্মী র‍্যাম্প থেকে পিছলে পরে গেছে



### কী হয়েছিল?

একজন সাফাই কর্মী বৃষ্টিতে র‍্যাম্পে হেঁটে যাওয়ার সময় পা পিছলে পরে যান ও টালির মেঝে থাকায় মাথায় আঘাত পান। এর ফলে তার মাথার পিছনের দিকে অনেকটা কেটে যায়। সাফাই কর্মীটি ক্রমশ কোমায় চলে যান এবং মারা যান। একটি কন্ডোমিনিয়ামের সুইমিং পুলগুলির কাছে একটি আনশেল্টার্ড র‍্যাম্প ছিল।

### কারণ কী ছিল?

- সাফাই কর্মী যে চটি পরে ছিল সেটির গ্রিপ আঁটোসাঁটো ছিল না।
- র‍্যাম্পের উপরিভাগ ভিজে ও পিচ্ছিল ছিল।

### এটি আটকাতে কী করা যেতে পারত?

- সর্বদা সতর্ক থাকুন এবং দেয়ালে সতর্কতা চিহ্ন দেয়া আছে কিনা দেখুন
- পিছলে পরে যাওয়া এড়াতে সর্বদা রাবার সোলের জুতা বা রাবার বুট পরুন



## কর্মক্ষেত্রে আঘাতের জন্য ক্ষতিপূরণ আইনের (WORK INJURY COMPENSATION ACT, WICA) প্রধান পরিবর্তনসমূহ

### নিয়োগকর্তা এবং রিওয়ার্ড সেফার কোম্পানিগুলোর জন্য আরো নিশ্চয়তা

1 আগে — আপনি যে WIC পলিসি কিনেছেন সেটি WICA মেনে চলে কিনা সেই বিষয়ে নিশ্চিত নন

পরে সরকার দ্বারা অনুমোদিত কেবলমাত্র নির্ধারিত কিছু WIC বিমা সংস্থা WIC পলিসি প্রদান করতে পারবে

2 আগে — পলিসি বর্জনের কারণে আপনি আপনার WIC বিমা পলিসি থেকে অর্থ পরিশোধের সুবিধা পাবেন না

পরে পরে - MOM অবৈধ বর্জন প্রতিরোধ করতে বিমার একটি প্রধান নিয়ম ও শর্তাবলী নির্ধারণ করবে

3 আগে — আপনার ভালো নিরাপত্তার রেকর্ড থাকলেও কম প্রিমিয়াম দেন না

পরে ভালো নিরাপত্তার রেকর্ড থাকা কোম্পানিগুলোর জন্য কম মূল্যের প্রিমিয়াম

4 আগে — ভুলবশতঃ, মিথ্যা বা বিভ্রান্তিমূলক তথ্যের কারণে প্রদেয় মোটা অঙ্কের ক্ষতিপূরণ এবং চিকিৎসা ব্যয় পুনরুদ্ধার করতে পারেননি

পরে সম্পূর্ণ পরিশোধ করা ক্ষতিপূরণের জন্য আপনি এখন অর্থ পুনরুদ্ধার পাওয়া চাইতে পারেন।

### কর্মীদের জন্য বর্ধিত সুরক্ষা

1 আগে — যদি আপনি কোনো কারখানার কর্মরত নন-ম্যানুয়াল কর্মী হন বা আপনি প্রতি মাসে $1,600 এর বেশি উপার্জন করেন, তাহলে আপনার নিয়োগকর্তা হয়তো আপনার জন্য WIC বিমা কিনবেন না

পরে প্রতি মাসে $2,600 পর্যন্ত উপার্জনকারী সমস্ত নন-ম্যানুয়াল কর্মীদের অবশ্যই WIC বিমার আওতাভুক্ত করতে হবে

2 আগে — মারা গেলে সর্বোচ্চ ক্ষতিপূরণ ছিল ($204,000) এবং সম্পূর্ণভাবে কাজে অক্ষম হয়ে গেলে ক্ষতিপূরণ ছিল (PI) ($262,000)

পরে সর্বোচ্চ ক্ষতিপূরণ: মৃত্যু ($225,000); সম্পূর্ণ PI ($289,000)[1]

[1] 1লা জানু 2020 অথবা তার পরে হওয়া দুর্ঘটনার জন্য প্রযোজ্য

3 আগে — কর্মক্ষেত্রে দুর্ঘটনার পরে আপনাকে হালকা কাজ দেয়া হলে, কোনো চিকিৎসা বিষয়ক ছুটির মজুরি দাবি করা যেতো না

পরে আপনি হালকা কাজের জন্য যে মজুরি পান ও আপনার মাসের গড় আয় (AME) এর মধ্যে পার্থক্যটি হিসাব করে আপনাকে দেওয়া হবে[2]

[2] প্রথম 14 দিনের জন্য পুরো AME; তারপর দুর্ঘটনা থেকে 1 বছর পর্যন্ত দুই তৃতীয়াংশ AME

4 আগে — আপনার আঘাত মূল্যায়ন করার জন্য অন্য ডাক্তারের কাছে যেতে হলে, নিয়োগকর্তার সম্মতির প্রয়োজন

পরে পরে - যদি আপনার মনে হয় যে, যে ডাক্তার চিকিৎসা করছেন তিনি পর্যাপ্ত যত্ন বা মূল্যায়ন করছেন না, তাহলে আপনি অন্য ডাক্তারের কাছে মূল্যায়নের জন্য MOM-এর কাছে আবেদন করতে পারেন

### দ্রুত ও সহজ ক্লেইম প্রক্রিয়া সকলের ক্ষেত্রে সুবিধাজনক

1 আগে — স্থায়ী অক্ষমতার দাবি মূল্যায়নের আগে কর্মীকে আঘাত সম্পূর্ণ স্থিতিশীল না হওয়া পর্যন্ত অবশ্যই অপেক্ষা করতে হবে

পরে ডাক্তার দাবি নিষ্পত্তি ত্বরান্বিত করতে বর্তমান অক্ষমতা মূল্যায়ন করতে পারেন

2 আগে — দাবিদারকে ক্ষতিপূরণ পেতে এমনকি মৃত্যু বা গুরুতর আঘাতের ক্ষেত্রেও অবশ্যই একটি ক্লেইম জমা দিতে হবে

পরে গুরুতর আঘাত বা মৃত্যুর জন্য কোনো ক্লেইম করার দরকার নেই। দুর্ঘটনার বিষয়ে জানানোর পরই প্রক্রিয়া শুরু হয়ে যাবে

3 আগে — MOM কিছু ধরণের ক্লেইম প্রক্রিয়া করে এবং বাকিটা WIC বিমা সংস্থাগুলি করে

পরে WIC বিমা সংস্থাগুলি সমস্ত ক্লেইমের প্রক্রিয়া করবে। বিমা সংস্থাগুলি ক্লেইম প্রক্রিয়া করার ক্ষেত্রে সংঘাত হলে, MOM পর্যালোচনা করে সিদ্ধান্ত নেবে

4 আগে — AME প্রমাণ করতে পার্টিরা পে স্লিপ বেতনের রসিদ না দেখাতে পারলে, কেসে দেরি হবে

পরে কর্মীকে ক্ষতিপূরণ দিতে আমরা সেই শিল্পের বেতন সংক্রান্ত তথ্য ব্যবহার করব। MOM পে স্লিপ সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় পৃথকভাবে নিয়োগকর্তার সঙ্গে বিষয়টি বুঝে নেবে

⚠ আসুন একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কর্মক্ষেত্রের জন্য একসাথে কাজ করি!

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.mom.gov.sg দেখুন।

## আপনি কি কর্মক্ষেত্রে দুর্ঘটনা থেকে জীবিত কোনো ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করেছেন?

আমাদের পাঠকদের সঙ্গে আপনার অভিজ্ঞতা শেয়ার করুন। কী হয়েছিল, আপনার কী মনে হয় ও কীভাবে দুর্ঘটনা প্রতিরোধ করা যেতে পারে তা আমাদের জানান। আপনার গল্পটি মূল্যবান হবে, কারণ আমরা প্রত্যেকে আপনার অভিজ্ঞতা থেকে শিখতে পারব এবং আমাদের কর্মক্ষেত্রের জন্য কী কী সন্ধান করতে হবে তা জানতে পারব।

একটি বিজয়ী চিঠি নির্বাচন করে প্রকাশ করা হবে। বিজয়ী চিঠির লেখক একটি $150 ভাউচার পাবেন।

আপনার পুরো নাম, কোম্পানির নাম, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ওয়ার্ক পারমিট নম্বর জানাতে ভুলবেন না। এখানে আপনার চিঠি পাঠান:



The Editor, *iWSH*
Workplace Safety and Health Council
Level 4, Ministry of Manpower Services Centre
1500 Bendemeer Road
Singapore 339946

## কীভাবে আমরা *iWSH* আরো উন্নতি করতে পারি সেই সম্পর্কে আপনার কোনো পরামর্শ আছে?

নিউজলেটারের কোনটি আপনার সবচেয়ে ভালো লেগেছে ও কীভাবে তা আরো ভালো করা যেতে পারে তা আমাদের জানান। এখানে আপনার চিঠি পাঠান:

The Editor, *iWSH*
Workplace Safety and Health Council
Level 4, Ministry of
Manpower Services Centre
1500 Bendemeer Road
Singapore 339946

The Workplace Safety and Health (WSH) Council was established on 1 April 2008 to raise WSH standards in Singapore. The Council comprises 18 leaders from the major industry sectors, the Government, unions and professionals from the legal, insurance and academic fields.

**Publisher**
Workplace Safety and Health Council

**Address**
Level 4, Ministry of
Manpower Services Centre
1500 Bendemeer Road
Singapore 339946

No part of this publication may be reproduced or transmitted in any form or by any means without the prior written permission of the publisher.

To subscribe to the *iWSH* newsletter, you can email to contact@wshc.sg or visit our website at www.wshc.sg/subscription